চুয়াডাঙ্গায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গায় পতাকা উত্তোলন, র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ প্রাঙ্গণে এসব অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা যুবদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিপ্লব। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য শরীফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরীফুজ্জামান শরীফ বলেন, বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া ও সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে অবৈধ আওয়ামী লীগ সরকারের পতন ঘটিয়ে দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করা হবে এবং জনগণকে তাদের ভোটের অধিকার ফিরিয়ে দেওয়া হবে। বিএনপি ও সহযোগি সংগঠনের নেতাকর্মীদের ধ্বংস করার পায়তারা শুরু হয়েছে।

রাতারাতি বিএনপি থেকে আওয়ামী লীগে যোগদান করছে, এমন নেতাকর্মী আমাদের দরকার নেই। যদি আমার একজন বিএনপি কর্মী থাকে এটাই যথেষ্ট। আগামী দিনে সকল ষড়যন্ত্রকারীদের দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে।

দল কারো বাপের সম্পত্তি নয়। আপনি দলের জন্য পরিশ্রম করবেন, তারপর আপনি দলের হবেন। নতুন নেতৃত্ব তৈরি করতে হবে। দীর্ঘদিন যারা নেতৃত্ব দিয়ে আসছে, সেই নেতৃত্বের পরিবর্তন ঘটাতে হবে। পরিবর্তন না ঘটালে, যেই অবস্থায় আমরা আছি, সেই অবস্থার কোনো পরিবর্তন হবেনা।

আপনারা যারা ইউনিয়নে চেয়ারম্যান হতে চান, তারা ৯টি ওয়ার্ডের নেতাকর্মীদের সাথে যোগাযোগ করুন। মাঠ পর্যায় থেকে যাদের গুরুত্ব দেওয়া হবে, জেলা থেকেও তাদের গুরুত্ব দেওয়া হবে।

শরীফুজ্জামান শরীফ আরো বলেন, দিনে বিএনপি, রাত্রে আওয়ামী লীগ, এই ধরনের নেতাদেরকে চিহ্নিত করুন। তাদেরকে বার্তা পৌঁছে দিন, তাদের পরিহার করা হবে। তাদের বিএনপিতে ঠাঁই নাই। আপনারা সতর্ক

হয়ে যান। বিএনপি কারো বাপ দাদার সম্পত্তি নয়।

কাগজে নেতা হয়ে লাভ নেই। শহীদ জিয়ার আদর্শের হতে হবে।

চুয়াডাঙ্গা জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোঃ রাজিব খানের পরিচালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আব্দুল জব্বার, চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি, আবু বক্কর সিদ্দিক আবু, আহবায়ক কমিটির সদস্য ও মহিলা দলের নেত্রী জাহানারা বেগম,

জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক মাহমুদ হাসান পল্টু, সদর থানা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ও কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম নজু, জেলা সে¦চ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা জাসাস এর সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, আলমডাঙ্গা পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান আনিস প্রমুখ।

ফ্রান্সে বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সাঃ) কে অবমাননা করায় কুষ্টিয়ায় মানববন্ধন

ফ্রান্সে কার্টুন চিত্র একে বিশ্ব নবী হযরত মুহাম্মদ (সাঃ)কে অবমাননা করার প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন ও সমাবেশ করেছে তৌহিদী জানতা।

মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া শহরের এনএস রোড পাবলিক লাইব্রেরির সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

কুষ্টিয়া জেলা উলামা পরিষদের এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

সমাবেশে বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা উলামা পরিষদের সভাপতি

মাওলানা মুফতি আব্দুল হামিদ, মহাসচিব মুফতি রেজাউল করিম, সাংগঠনিক সম্পাদক মাওলানা আব্দুল লতিফ খান, মোমতাজুল উলুম মাদ্রাসার প্রিন্সিপাল হাফেজ মাওলানা আরিফুজ্জামান, হাফেজ মাওলানা আবুদাউদ, আশরাফুল উলুম মাদ্রাসার মাওলানা আব্দুল খালেক, মাওলানা আব্দুল হাকিম, মাওলানা ইলিয়াস শাহ প্রমুখ।

বক্তারা বলেন, মুসলমানরা তাদের নবীকে প্রাণের চেয়ে বেশি ভালোবাসে। মহানবীর অপমান মুসলমানরা সহ্য করবে না। ফ্রান্স সরকার নবীর বিরুদ্ধে ব্যঙ্গচিত্র প্রকাশের মাধ্যমে তাদের হিংসাত্মক মনোভাব প্রকাশ করেছে।

বক্তারা আরও বলেন, ফ্রান্স সরকার নবীর বিরুদ্ধে ব্যঙ্গচিত্র প্রকাশের মাধ্যমে বিশ্বমুসলিমকে উস্কে দিয়ে বিশ্বব্যাপী অশান্তির আগুন জ্বালিয়ে দিয়েছে। ফ্রান্সের ধর্মবিরোধী এ অবমাননা বিশ্বমুসলিম নেতৃত্বকে ঐক্যবদ্ধভাবে রুখে দিতে হবে।

বক্তারা ব্যবসায়ীদের ফ্রান্সের সকল পন্য বর্জন করারও আহ্বান জানান। এছাড়া সরকারের কাছে রাষ্ট্রীয়ভাবে ফ্রান্সের দুতাবাস বন্ধের দাবি জানান।

কুষ্টিয়ায় নকল জুস কারখানা আবিষ্কার: লাখটাকা জরিমানা

ঘনচিনি আর কাপড়ের রঙ দিয়ে তৈরি নকল জুস। এছাড়াও নকল সিল ও ছাপানো ট্যাগে বোতলজাত করা হচ্ছিল শিশুখাদ্য জুস। অনুমোদনবিহীন এবং হাতে তৈরি বিএসটিআইয়ের সিল দিয়ে মোড়ানো তৃষ্ণা ফুড অ্যান্ড বেভারেজ নামের ভেজাল শিশু খাদ্যপণ্য তৈরির কারখানায় অভিযান চালিয়েছে ভেড়ামারা উপজেলা প্রশাসন।

মঙ্গলবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার বাহিরচর ইউনিয়নের ষোলদাগে অভিযান চালানো হয়।

অভিযানে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল

মারুফ।

তিনি জানান, ফ্যাক্টরীর ঠিকানা বিহীন, এবং ফিল্টার মেশিনে পানির সাথে ঘনচিনি, কাপড়ের ক্ষতিকর রঙ মিশিয়ে ছিপি বন্ধ করে মেশিনে তৈরি হচ্ছিলো জুস।

অবৈধ প্রক্রিয়ায় ক্ষতিকর রাসায়নিক পদার্থ ব্যবহার করে জীবন ও স্বাস্থ্যহানিকর বিভিন্ন প্রকার শিশুখাদ্য জুস প্রস্তুত ও বাজারজাত করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক জগলু সরদারকে বাংলাদেশ স্ট্যান্ডার্ড ও টেস্টিং ইনস্টিটিউশন আইন ২০১৮ মোতাবেক এক লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

এ সময় বিপুল পরিমাণ ক্ষতিকর রাসায়নিক পদার্থ ও নকল পণ্য ধ্বংস করা হয়।

অভিযান পরিচালনাকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ও স্যানিটারি ইন্সপেক্টর সার্বিক সহায়তা করেন।

কালীগঞ্জে পুকুরে ধরা পড়ল দুর্লভ প্রজাতির মাছ

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভাধীন আড়পাড়া দারুল কোরআন হাফেজিয়া মাদরাসার পুকুরে ধরা পড়েছে দুর্লভ প্রজাতির একটি মাছ।

মাদরাসার হাফেজ মাহফুজুর রহমান মঙ্গলবার সকালে মাদরাসার পুকুরে জাল দিয়ে মাছ ধরার সময় দেশীয় মাছের সাথে এই মাছটি উঠে আসে। এরপর সংবাদ পেয়ে বিভিন্ন এলাকা থেকে উৎসুক শত শত জনতা এক নজর মাছটি দেখার জন্য ভিড় জমায়। মাছটির মাথার অংশ দেখেতে অনেকটা দেশীয় টেপা মাছের মতো এবং শৈল মাছের মতো লম্বা। মাছের সমস্ত শরীরে ডোরাকাটা দাগ ও সাদা-কালো ফোটায় পরিপূর্ণ।

হাফেজ মাহফুজুর রহমান জানান, মাছ ধরার সময় এই অপরিচিত মাছটি আমার জালে ধরা পড়ে। আমি এ ধরনের মাছ আগে কখনো দেখিনি। এলাকার অনেক লোক মাছটি দেখতে আসছে কিন্তু কেউ এর আগে কখনো এ ধরনের মাছ

দেখেছে বলে জানা যায়নি। এই মাছটি খুই শান্ত প্রকৃতির। মাছটির নাম সাকার ফিশ। তবে এ প্রজাতির মাছ ঝিনাইদহ অঞ্চলের নদীতে বা অন্য জলাশয়ে আরো আছে।

অনলাইন ভিত্তিক তথ্য ভাণ্ডার উইকিপিডিয়া থেকে জানা গেছে, এই মাছটির নাম হলো সুইপার ফিস। এদের বসবাস পশ্চিম আটলান্টিক মহাসাগর এবং ইন্দো প্যাসিফিক মহাসাগরে। এছাড়া এ প্রজাতির মাছের বসবাস দেখা যায় জাপান ও অস্ট্রেলিয়ার আশপাশের এলাকায়।

পরকীয়ার জেরে খুন হয় ফারুক-পুলিশ সুপার

মেহেরপুরে সমাজসেবা অধিদপ্তরের মাঠকর্মী ফারুক হোসেনকে হত্যার সাথে জড়িত দুই আসামিকে আটক করেছে পুলিশ।

গত রবিবার গোপন সংবাদের ভিত্তিতে ঢাকার একটি স্থান থেকে ফারুক হোসেন নামের এক আসামিকে আটক করা হয়। গত সোমবার বিকালে তাকে মেহেরপুর ম্যাজিষ্ট্রেট আদালতে হাজির করা হলে সে ১৬৪ ধারায় ম্যাজিষ্ট্রেটের সামনে স্বীকারোক্তীমূলক জবানবন্দী দিয়েছে। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে আসামি ফারুকের সহযোগী মেহেরপুর শহরের তাঁতীপাড়াস্থ কাছেদ আলীর ছেলে তাইদ আলীকে আটক করা হয়।

এ বিষয়ে মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলী সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে তিনি বলেন, আসামি ফারুক ও নিহত ফারুক দু- জনেই পূর্ব পরিচিত বন্ধু মত। আসামি ফারুক ২০০৭ সাল থেকে মালয়েশিয়ায় প্রবাস জীবন যাপন করছিলেন। সে সময় প্রবাসী ফারুকের বিভিন্ন কাজ করে দিতেন নিহত ফারুক হোসেন।

সে সূত্র ধরে প্রবাসী ফারুকের স্ত্রীর সাথে নিহত ফারুকের প্রেমের সম্পর্ক তৈরি হয়। বিদেশে থেকে ফিরে তাদের সম্পর্কের বিষয়টি বুঝতে পারে আসামি ফারুক। পরে এ সম্পর্ক থেকে সরে যেতে বলে। সম্পর্ক থেকে সরে না যাওয়ায় ক্ষুব্ধ হয়ে ফারুক ও তার সহোযোগী দাইদ আলী মিলে এ হত্যাকাণ্ড ঘটিয়েছে।

হত্যার কাজে ব্যবহৃত চাপাতি ও হাসুয়া পুলিশ হেফাজতে আছে। তিনি আরও বলেন, হত্যা কাণ্ডের সাথে ফারুক ও দাউদ এই দুজন জড়িত। এছাড়াও যদি আসামি ফারুকের স্ত্রীর কোন সম্পৃক্ততা পাই তাহলে তাকে অবশ্যই আইনের আওতায় নিয়ে আসবো।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার রাত সাড়ে ১১ টার দিকে শহরের তাঁতীপাড়ায় মেহেরপুর শহর সমাজসেবা অধিদপ্তরের মাঠকর্মী ফারুক হোসেন (৩৯) কে কুপিয়ে ফেলে রেখে যায় সন্ত্রাসীরা।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরদিন তার স্ত্রী নাজমা খাতুন বাদি হয়ে অজ্ঞাত আসামি করে সদর থানায় একটি মামলা দায়ের করেন। মেহেরপুর সদর থানার পুলিশ পরিদর্শক রাসুল সামদানি আজাদ এই হত্যা মামলার তদন্ত কর্মকর্তা হিসেবে ছিলেন।

মেহেরপুরে ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

আধুনিক বর্জ্য ব্যবস্থাপনায় বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ৪১ তম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের হলরুমে অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড.মোহাম্মদ মনসুর আলম খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন ভার্চুয়ালি উপস্থিত ছিলেন।

এসময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব আবু সাইদ, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক,

জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম, মেহেরপুর

সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর হাসানুজ্জামান মালেক। মেহেরপুর জেলার ১৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন ।

এ সরকারের আমলেই কাজলা নদী পুন: খনন করা হবে- জেলা প্রশাসক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজলা নদীতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা প্রশাসন ও মৎস অধিদপ্তরের আয়োজনে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান।

জেলা মৎস কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়ার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম.এ খালেক।

এম.এ খালেক বলেন, পুনঃ খনন করা হলে কাজলা নদী হবে মাছের অবাধ বিচরণ ক্ষেত্র ও মৎস্য উৎপাদন ক্ষেত্র। মেহেরপুর বাসীর চাহিদানুযায়ী প্রাণীজ আমিষের ঘাটতি পূরণের পাশাপাশি কৃষি ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে মুতপ্রায় কাজলা নদী।

বর্ষা মৌসুমে পানি নিষ্কাশন না হওয়ায় কয়েক হাজার বিঘা জমির ফসল তলিয়ে যাওয়ার হাত থেকেও রেহায় পাবে স্থানীয় হাজারো কৃষক। সরকারের কাছে কাজলা নদী পুনঃখননের দাবী জানান এ বক্তা।

অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান কাজলা নদীতে মাছের পোনা অবমুক্ত করণ কালে বলেন, বর্তমান সরকার দেশের বিভিন্ন এলাকার ভৈরব নদী পুনঃ খনন করেছেন। অনেক এলাকার খাল পুনঃ খনন কাজ হয়েছে। বাকিগুলো পর্যায়ক্রমে পুনঃ খনন করা হবে। ইতোমধ্যে মেহেরপুরের ভৈরব নদী পুনঃখনন করা হয়েছে। এ নদীতে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মাছ শিকার করেন।

জেলা প্রশাসক ড. মুৃনসুর আলম খান আরো বলেন, বর্তমান সরকারের

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জেলার খাল বিল ও কাজলা নদী পুনঃ খনননের উদ্যোগ নিয়েছেন। আমি কাজলা নদী পুনঃখননের জন্য আলোচনা করব। তবে খুব শিঘ্রই কাজলা নদী খনন করা হবে বলেও আশ্বস্ত করেন তিনি।

এছাড়াও অবমুক্তকৃত মাছ এমুহুর্তে না ধরার অনুরোধ করে বলেন, এ মুহুর্তে মাছ না ধরে অন্তত তিন মাস পরে মাছ ধরলে অনেক বড় সাইজের মাছ পাওয়া যাবে। তাই সকলের দায়িত্ব এ অবমুক্তকৃত মাছ এমুহুর্তে শিকার না করা। সেইসাথে কারেন্ট জাল কিংবা বেড় জাল কাজনা নদীতে ব্যবহার না করা। কেউ যদি বেড় জাল কিংবা কারেন্ট জাল ব্যবহার করে তাকে আইনের আওতায় আনা হবে বলেও হুশিয়ারি দেন প্রশাসক।

এসময় গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আরএম সেলিম শাহনেওয়াজ, উপজেলা ভূমি কর্মকর্তা নুর-ই-আলম সিদ্দিকী, উপজেলা মৎস কর্মকর্তা রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।
এ সময় এক লক্ষ টাকা বরাদ্দে ৪৫৬ কেজি বিভিন্ন প্রজাতির মাছের পোনা অবমুক্ত করা হয়।

কোটচাঁদপুরে মালবাহী দুটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ, ১০ ঘন্টা পর ট্রেন চলাচল স্বাভাবিক

ঝিনাইদহের কোটচাঁদপুরের সাফদারপুর রেল স্টেশনে মালবাহী দুটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষ হয়েছে। এতে ইঞ্জিনসহ ৫ টি তেলবাহী ওয়াগন লাইনচ্যুত হয়।

গত মঙ্গলবার রাত দুইটার দিকে উপজেলার সাফদারপুর ট্রেন স্টেশনে এ দূর্ঘটনা ঘটে। এ ঘটনায় খুলনার সঙ্গে সারাদেশের রেল যোগাযোগ বিছিন্ন হয়ে যায়।

সাফদাপুর রেলস্টেশন মাষ্টার গোলাম মোস্তফা জানান, রাত পৌনে ২টার দিকে দর্শনা থেকে ছেড়ে আসা নওয়াপাড়া গামী পাথর বোঝায় একটি মালবাহী ট্রেন সাফদাপুর রেল স্টেশনে অবস্থান করছিল। এসময় বিপরীত দিক খুলনা থেকে ছেড়ে আসা পার্বতীপুর গামী কেপি ২১ আর ট্রেনটি আউটার হুম সীগনাল অমান্য করে লুক লাইনে প্রবেশ করে। এবং স্টেশনে থাকা মালবাহী ট্রেনের সঙ্গে সংঘর্ষ হয়। এঘটনায় হতাহতের কোন ঘটনা না ঘটলেও একটি ট্রেনের ব্যাপক ক্ষয়ক্ষতি ও বিপুল পরিমাণ তেল মাটিতে পড়ে যায়।

রেলের পশ্চিমাঞ্চলের প্রধান পরিবহণ কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, সকাল ৬ টার দিকে ঈশ্বরদি থেকে রিলিফ ট্রেন এসে উদ্ধার কাজ শুরু করে। প্রায় সাড়ে ৬ ঘন্টা উদ্ধার কাজ শেষে প্রধান লাইন মেরামত ও লাইনচ্যুত হওয়া ওয়াগন উদ্ধারের পরে দীর্ঘ ১০ ঘন্টা পর সকাল ১১ টায় ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

এ ঘটনায় খুলনা থেকে পার্বতীপুর গামী কেপি ২১ আর ট্রেনের চালক আনিছুর রহমানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গঠন করা হয়েছে ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন স্থানীয় সংসদ সদস্য ও রেল মন্ত্রনালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী সহ রেলের উর্দ্ধতন কর্মকর্তারা।

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষির্কী উপলক্ষ্যে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে “যুব ও নির্যাতিত

জনতার শৃঙ্খলমুক্তির অঙ্গীকার, রুখবে এবার স্বৈরাচার” এই শ্লোগানে যুব-জনতার সমাবেশ অনুষ্ঠিত হয়।

গতকাল মঙ্গলবার সকাল ১০টায় সমাবেশে সভাপতিত্ব করেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

জেলা যুবদলের সাধারন সম্পাদক কাওছার আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, শেখ সাঈদ আহমেদ, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো (গাংনী), সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ (মুজিবনগর), জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আঃ রহিম, আঃ আওয়াল, আরজুল্লাহ মাস্টার বাবলু, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, সদর উপজেলা সাধারন সম্পাদক সাইফুল ইসলাম।

অনান্যদেও মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌল বিএনপির সিনিয়র সহ-সভাপতি ইনসারুল হক ইনসু, সাংগঠনিক সম্পাদক সাহাবুদ্দিন মোল্লা, বিএনপি নেতা সামসুল আলম, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক মোঃ হাসান আলী, সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আঃ মালেক চপল, সদস্য সচিব জাহিদুল ইসলাম, গাংনী পৌর যুবদলের আহবায়ক সাইদুর কমিশনার ও সদস্য সচিব এনামুল কমিশনার প্রমুখ নেতৃবৃন্দ।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক তোফায়েল আহমদে, সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু জেলা বিএনপির অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ফরাসি দূতাবাস ঘেরাও কর্মসূচিতে পুলিশের বাধা

ফ্রান্সে প্রকাশ্যে বহুতল ভবনে রাসুল (সা.)-এর ব্যঙ্গ কার্টুন প্রকাশের প্রতিবাদে ইসলামী আন্দোলন বাংলাদেশ’র ফ্রান্স দূতাবাস ঘেরাও কর্মসূচিতে বাধা দিয়েছে পুলিশ।

আজ মঙ্গলবার (২৭ অক্টোবর) বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেইট থেকে শুরু হওয়া মিছিলটি শান্তিনগর মোড়ে পৌঁছালে পুলিশ তাতে বাধা দেয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আজ মঙ্গলবার (২৭ অক্টোবর) সকাল ১০টায় রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে জমায়েত অনুষ্ঠিত হয় ইসলামী আন্দোলন বাংলাদেশ নামের সংগঠনটির। সেখান থেকে ঘেরাওয়ের উদ্দেশ্যে ফ্রান্স দূতাবাস অভিমুখে মিছিল বের করেন সংগঠনের নেতাকর্মীরা।

এসময় মিছিলে ইসলামী আন্দোলনের নেতাকর্মীরা ‘বিশ্ব নবীর অপমান, সইবে নারে মুসলমান’, ‘ম্যাঁকোর চামড়া, তুলে নেব আমরা’, ‘জেগেছে রে জেগেছে, মুসলমান জেগেছে’, ‘বয়কট বয়কট, ফ্রান্সের পণ্য বয়কট’, ‘ঘেরাও ঘেরাও ঘেরাও হবে, ফ্রান্সের দূতাবাস’ ইত্যাদি স্লোগান দেন।

মিছিলটি শান্তিনগর মোড়ে পৌঁছালে পুলিশ তাতে বাধা দেয়। একপর্যায়ে সেখানেই কর্মসূচির সমাপ্তি ঘোষণা করা হয়।

এর আগে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেইটে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা ফ্রান্সের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করা, সংসদে নিন্দা প্রস্তাব জ্ঞাপন করা, বাংলাদেশ থেকে ফ্রান্সের দূতাবাস সরিয়ে দেওয়াসহ কয়েকটি দাবি তুলে ধরেন। দাবি না মানলে কঠোর কর্মসূচির হুমকি দেন বক্তারা।

গত ১৬ অক্টোবর ফ্র্যান্সের রাজধানী প্যারিসের উপকণ্ঠে দেশটির এক স্কুল শিক্ষকের শিরশ্ছেদ করে ১৮ বছর বয়সী এক তরুণ। মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর বিতর্কিত কার্টুন শিক্ষার্থীদের প্রদর্শনের কারণে ক্ষুব্ধ ওই তরুণ হত্যা করে ওই স্কুল শিক্ষককে।

পরে ফ্রান্সের সরকার ওই স্কুল শিক্ষককে দেশটির সর্বোচ্চ মরণোত্তর পদকে ভূষিত এবং বিভিন্ন ভবনের গায়ে মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর বিতর্কিত সেই কার্টুনের প্রদর্শন শুরু করে। ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় এই কার্টুনের প্রদর্শনের ব্যবস্থার নির্দেশ দেন।

এসব ঘটনার প্রতিবাদে আরব উপসাগরীয় অঞ্চলসহ মুসলিম বিশ্বের বিভিন্ন দেশে ফ্রান্সের পণ্য বর্জন শুরু হয়। পরে চলমান করোনা পরিস্থিতি পণ্য বর্জনের ক্ষতিকর প্রভাব পড়তে পারে- এমন আশঙ্কায় আরব দেশগুলোর প্রতি পণ্য বর্জন বন্ধের অনুরোধ জানায় দেশটি।